

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১১২

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫০. নাবী (ﷺ) এর অযুর বিবরণ

باب صِفَةِ وُضُوءِ النَّبِيِّ صلى الله عليه وسلم

আরবী

حَدَّتَنَا الْحَسَنُ بْنُ عَلِيّ الْحُلْوَانِيُّ، حَدَّتَنَا الْحُسَيْنُ بْنُ عَلِيِّ الْجُعْفِيُّ، عَنْ زَائِدَةَ، حَدَّتَنَا الْحُسَيْنُ بْنُ عَلِيُّ الْفَدَاةَ، ثُمَّ دَخَلَ الرَّحْبَةَ فَدَعَا خَالِدُ بْنُ عَلْقَمَةَ الْهَمْدَانِيُّ، عَنْ عَبْدِ خَيْرٍ، قَالَ صَلَّى عَلِيُّ الْفَدَاةَ، ثُمَّ دَخَلَ الرَّحْبَةَ فَدَعَا بِمَاءٍ، فَأَتَاهُ الْغُلَامُ بإِنَاءٍ فِيهِ مَاءُ وَطَسْتٍ _ قَالَ _ فَأَخَذَ الإِنَاءَ بِيَدِهِ الْيُمْنَى فَأَقْرُغَ عَلَى يَدِهِ الْيُسْرَى، وَغَسَلَ كَفَيْهِ ثَلَاتًا، ثُمَّ أَدْخَلَ يَدَهُ الْيُمْنَى فِي الإِنَاءِ، فَتَمَضْمَضَ ثَلَاتًا، يُده وَاسْتَنْشَقَ ثَلَاتًا، ثُمَّ سَاقَ قريبًا مِنْ حَدِيثِ أَبِي عَوانَةَ قَالَ: ثُمَّ مَسَحَ رَأْسَهُ مُقَدَّمَهُ وَمُؤخَّرَهُ مَرَّةً . ثُمَّ سَاقَ الْحَدِيثَ نَحْوَهُ .

_ صحيح

বাংলা

১১২। 'আবদু খাইর সূত্রে বর্ণিত। তিনি বলেন, 'আলী (রাঃ) ফজরের সালাত আদায় শেষে রাহবায় (কুফার একটি স্থান) গেলেন। সেখানে তিনি পানি চাইলেন। একটি বালক তাঁর জন্য এক পাত্র পানি ও গামলা নিয়ে এলো। তিনি পানির পাত্রটি ডান হাতে নিয়ে বাম হাতে পানি ঢাললেন এবং উভয় হাত কজি পর্যন্ত তিনবার ধুলেন। অতঃপর পাত্রে ডান হাত ডুবিয়ে তিনবার করে কুলি করলেন ও নাকে পানি দিলেন। এরপর তিনি প্রায় পূর্বোক্ত হাদীসের অনুরূপ বর্ণনা করেন। তারপর মাথার সামনে ও পেছনে একবার মাসাহ্ করলেন। অতঃপর পূর্বোক্ত হাদীসের অনুরূপ বর্ণনা করেন।[1]

সহীহ।

English

'Abd Khair said:



'All offered the dawn prayer and went to Rahbah (a locality in Kufah). He called for water. A boy brought him a vessel containing water and a washbasin. He held the vessel with his right hand and poured water over his left hand. He washed both of his hands (to the wrist) three times. He then put his right hand in the vessel (to take water) and rinsed his mouth three times and snuffed up water three times. He then narrated almost the same tradition as narrated by Abu 'Awanah. He then wiped his head, both its front and back sides, once. He then narrated the tradition in like manner.

ফুটনোট

[1] নাসায়ী (অধ্যায়ঃ পবিত্রতা, হাঃ ৯১), দারিমী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ কুলি করা, হাঃ ৭০১), আহমাদ (১/১৩৫, হাঃ ১১৩৩), ইবনু খুযাইমাহ (অধ্যায়ঃ পবিত্রতা, হাঃ ১১৭)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদু খায়ের (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন